



নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
তারিখ নং-	তারিখ ৪-২৭৭		
২৭৬৫	প্রদর্শক নং-		
অ: স:	স: স:	উ: বি: প্র:	নি: প্র:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
হিসাব শাখা-১,
www.pwd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.০০০.২৩১.২০.০০৩৪.২১.২৩৮

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৯ মে ২০২৬

বিষয়: ২০২৫-২০২৬ আর্থিক সালে গণপূর্ত অধিদপ্তরের পরিচালন বাজেটে ১৩২০৫০৪০০০০০০-“গণপূর্ত বিভাগসমূহ (পিডব্লিউডি)” গ্রুপে “৪১১২৩০৬-গবেষণাগার সরঞ্জামাদি” কোডে ১৯,৯৭,৮০০/- (উনিশ লক্ষ সাতানব্বই হাজার আটশত) টাকা বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে ২০২৫-২০২৬ আর্থিক সালে ৪১১২৩০৬-গবেষণাগার সরঞ্জামাদি কোডে “গণপূর্ত ই/এম উপবিভাগ-২, প্রধানমন্ত্রীর কার্যালয় এর আওতাধীন সরকারি স্থাপনার বিভিন্ন ডিস্ট্রিবিউশন বোর্ডের পাওয়ার কোয়ালিটি পারফরম্যান্স এনালাইসিস” কাজে খরচ করার জন্য ১৯,৯৭,৮০০/- (উনিশ লক্ষ সাতানব্বই হাজার আটশত) টাকা বরাদ্দ প্রদান করা হলো।

উক্ত খরচ চলতি ২০২৫-২০২৬ আর্থিক সালে গণপূর্ত অধিদপ্তরের পরিচালন বাজেটে ১৩২০৫০৪০০০০০০-“গণপূর্ত বিভাগসমূহ (পিডব্লিউডি)” গ্রুপে “৪১১২৩০৬-গবেষণাগার সরঞ্জামাদি” কোডের সংশোধিত বাজেট বরাদ্দ হতে সংকুলান/বহন করতে হবে। উক্ত বরাদ্দ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ বরাদ্দে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা এর সম্মতি রয়েছে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ/পালন করতে হবে :

শর্তসমূহ :

- ক্রয়কৃত মালামাল/সরঞ্জামাদি গণপূর্ত ট্রেনিং একাডেমি ও টেস্টিং ল্যাবরেটরীতে হস্তান্তর পূর্বক Asset Register এ লিপিবদ্ধ/অন্তর্ভুক্ত করে প্রধান প্রকৌশলীর কার্যালয়কে অবহিত করতে হবে।
- এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act (PPA), 2006 এবং Public Procurement Rules (PPR), 2025 (সকল সংশোধনীসহ) অনুসরণ পূর্বক অর্থ মন্ত্রণালয়ের সর্বশেষ পরিপত্রসহ অন্যান্য বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- কোন অবস্থাতেই বরাদ্দকৃত অর্থ উল্লিখিত কাজ ব্যতীত অন্য কোন কাজে ব্যয় করা যাবে না।
- বরাদ্দকৃত অর্থ ব্যয়ে/ কাজের বিল পরিশোধের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- চলতি আর্থিক সালে বরাদ্দকৃত অর্থ খরচ করতে হবে এবং খরচের হিসাব এ দপ্তরে দাখিল করতে হবে।
- এই খাতে বরাদ্দ দ্বারা অন্য কোড/ খাতের বিল পরিশোধ করা যাবে না।
- বর্ণিত কাজ বাস্তবায়নের ক্ষেত্রে যাতে কোন দ্বৈততা (Duplication) না হয়, সে বিষয়টি নিশ্চিত করতে হবে।
- অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে এ দপ্তরে সমর্পন করতে হবে।

সংযুক্তি:

- প্রশাসনিক অনুমোদন পত্র



১৯-০৫-২০২৬

স্বপন চাকমা

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

ফোন : ০২২২৩৩৮৮৯১৪

ইমেইল : se_coord@pwd.gov.bd

নির্বাহী প্রকৌশলী

গণপূর্ত ই/এম বিভাগ-১, ঢাকা।

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.০০০.২৩১.২০.০০৩৪.২১.২৩৮/১ (১৪)

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৯ মে ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সংস্থাপন ও সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ই/এম), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৪। মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত মনিটরিং এন্ড অডিট সার্কেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত ট্রেনিং একাডেমী ও টেস্টিং ল্যাবরেটরি, এলেনবাড়ি, ঢাকা। তাঁকে ক্রয়কৃত মালামাল/সরঞ্জামাদি গণপূর্ত ট্রেনিং একাডেমী ও টেস্টিং ল্যাবরেটরীর Asset Register-এ লিপিবদ্ধ/অন্তর্ভুক্ত করে সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।
- ৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত ই/এম সার্কেল-১, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৮। উপসচিব, বাজেট শাখা-২৪, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। উপসচিব, প্রশাসন শাখা-৯, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। ইহা গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করার জন্য প্রেরণ করা হলো।
- ১২। চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য়-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৪। গার্ড নথি, হিসাব শাখা-১/ হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।




১৯-০৫-২০২৬

স্বপন চাকমা

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)